

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা- ১০০০।

☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১ ☎: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd, trg@scouts.gov.bd

পত্র নং- বাঃস্কাঃ(প্রশিক্ষণ)/ ৩১৬০(৮০০)/১৯

তারিখ : ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

(একই আরক ও তারিখে প্রতিস্থাপিত)

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস/ ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ দিনাজপুর/ কুমিল্লা ও রোভার অঞ্চল।

বিষয় : ট্রেনিং টিম সদস্যগণের পার্শ্ববর্তী দেশে (ভারত / নেপাল/ ভুটান) শিক্ষা সফরে অংশগ্রহণে আগ্রহীদের নামের তালিকা প্রেরণ সম্পর্কীয়।

জনাব,

বাংলাদেশ স্কাউটসের প্রশিক্ষণ বিভাগের উদ্যোগে “বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দি ভবন নির্মাণ প্রকল্প”-এর অর্থায়নে ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রশিক্ষণ টিমের সদস্যগণের (এলটি ও এএলটি) পার্শ্ববর্তী দেশে (ভারত/ নেপাল/ ভুটান) শিক্ষা সফর আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।


আপনার অঞ্চলের যে সকল এলটি / এএলটি প্রশিক্ষণ ও অন্যান্য স্কাউটিং কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রেখেছেন এমন আগ্রহীদের নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে:

শর্তাবলী :

- ১। বয়স ৫৯ বছরের অধিক নয়।
- ২। কমপক্ষে ৩০ নভেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদসহ বৈধ পাসপোর্টধারী।

আপনার অঞ্চল হতে ০১ (এক) জন মহিলাসহ মোট ০৩ (তিন) জন এলটি / এএলটি এর আবেদন আগামী ০৭ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে সংযুক্ত ফরমে বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। ইতিপূর্বে বাংলাদেশ স্কাউটস-এর আর্থিক সহায়তায় বিদেশ ভ্রমণ করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

জাতীয় সদর দফতর থেকে আবেদনকারীগণের মধ্য থেকে শিক্ষা সফরের জন্য অংশগ্রহণকারীদের চূড়ান্ত মনোনয়ন প্রদান করা হবে। উল্লেখ, বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।


(আরশাদুল মুকাদিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। আঞ্চলিক উপ কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস, সকল;
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস;
- ৩। আঞ্চলিক পরিচালক / উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৪। প্রফেশনাল স্কাউটস এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৫। লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার (সকল), বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস;
- ৩। জাতীয় কমিশনার (প্রকল্প), বাংলাদেশ স্কাউটস।